# উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি ঃ জনাব মোহাম্মদ আবুল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
সভার স্থান ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর,জামালপুর মহোদয়ের অফিস কক্ষ ।
সভার তারিখ ঃ ২৭/৬/২০২২ খ্রিস্টাব্দ, রোজ- সোমবার, সময় ঃ বেলা ১১.০০ টা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ।

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করতে বলেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর ও সদস্য সচিব, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। | উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও গ্রহণ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| ২ | **এসএমসি গঠন** | উপজেলা শিক্ষা অফিসার সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের সুপারিশের প্রেক্ষিতে এবং সরকারি নীতিমালার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ব্যবস্থাপনা কমিটি অনুমোদনের লক্ষ্যে ১৬ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ব্যবস্থাপনা কমিটি উপস্থাপন করেন (তালিকা পরিশিষ্ট-খ)।উক্ত বিদ্যালয় সমুহের নতুন কমিটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর নতুন ম্যানেজিং কমিটি নিয়ে কোনরুপ অভিযোগ বা বিরুপ মন্তব্য না থাকায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নতুন বিদ্যালয় পরিচালনা কমিটিগুলো (এসএমসি) অনুমোদন দেয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |
| ৩ | **এডহক কমিটি অনুমোদন** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান সরকারি নীতিমালার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনে জটিলতা থাকায় ৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এডহক কমিটি গঠনের জন্য প্রধান শিক্ষকগণ আবেদন করেছেন । (তালিকা পরিশিষ্ট-গ)। উক্ত বিদ্যালয় সমুহের এডহক কমিটি গঠনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়-গুলির এডহক কমিটি গঠনের জন্য বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকারি নীতিমালার আলাকে এডহক কমিটি গঠনের অনুমোদন দেয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |
| ৪ | **এডুকেশন ইন ইমার্জেন্সি খাতে মেরামত ও সংস্কার ঃ** | উপজেলা শিক্ষা অফিসার জানান প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদেয়র স্মারক নং-৩৮.০১.০০০০ .৫০০.২৬.০২.৯৩.২০১৯-৮৫৯,তারিখ- ৯/৬/২০২২খ্রিঃ মূলে পিইডিপি-৪ এর আওতায় ২০২১-২২ অর্থ বছরে অত্র উপ-জেলায় ১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (ক)সিংহজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট =৩,০০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ পত্রের নীতিমালার আলোকে এলজিইডি কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদন প্রয়োজন (তালিকা পরিশিষ্ট-ঙ)। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন অনুমোদন করা হয়। তবে চূড়ান্ত বিল পরিশোধের জন্য পূর্বের নিয়মে নীতিমালা মোতাবেক কাজ শুরুর পূর্বের ছবি ও কাজ সমাপ্তির পরের ছবি দাখিলসহ উপজেলা প্রকৌশলীর প্রত্যয়ন এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের সরেজমিনে পরিদর্শনের প্রেক্ষিতে উপজেলা শিক্ষা অফিসারকে চূড়ান্ত বিল প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণকে সমান সংখ্যক বিদ্যালয়ের মেরামত কাজ তদারকি | উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৫ | মেরামত ও সংস্কার কাজের প্রাক্কলন অনুমোদন ও চুড়ান্ত বিল পরিশোধ ঃ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের স্মারক নং-৩৮.১৫০.১৮০. ০২৬.০০.০০.৪৬(২)২০১৮-৭৯৫ ,তারিখ- ১৬/৫/২০২২খ্রিঃ মূলে পিইডিপি-৪ এর আওতায় ২০২১-২২ অর্থ বছরে অত্র উপ-জেলায় ১৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের =২,০০,০০০/= টাকা হারে মোট. =৩৬,০০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ পত্রের নীতিমালার আলোকে এলজিইডি কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদন প্রয়োজন । উপজেলা শিক্ষা অফিসার সভায় তা অনুমোদন সহ চুড়ান্ত বিল পরিশোধের বিষয়ে আলোচনা করেন।(তালিকা পরিশিষ্ট-ঘ)। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন সমূহ অনুমোদন করা হয় । তবে চুড়ান্ত বিল পরিশোধের জন্য পূর্বের নিয়মে নীতিমালা মোতাবেক কাজ শুরুর পূর্বের ছবি ও কাজ সমাপ্তির পরের ছবি দাখিলসহ উপজেলা প্রকৌশলীর প্রত্যয়ন এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের সরেজমিনে পরিদর্শনের প্রেক্ষিতে উপজেলা শিক্ষা অফিসারকে চুড়ান্ত বিল প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণকে সমান সংখ্যক বিদ্যালয়ের মেরামত কাজ তদারকি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |
| ৭ | নতুন ভবন নির্মাণ ঃ | কমিটির সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান , উপজেলা পরিষদ, জনাব মোহাম্মদ আবুল হোসেন মহোদয় জানান যে,অত্র উপজেলার কতিপয় সরকারি প্রাথমিক বিদ্যালয় খুবই জরাজীর্ণ এবং পাঠদানের অনুপোযোগী হওয়ায় নতুন ভবন নির্মাণ প্রয়োজন। (তালিকা পরিশিষ্ট- চ)। | সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব-সম্মতি ক্রমে ৮(আট) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |
| ৮ | বিবিধ(ক) | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান অত্র উপজেলার বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজের অর্থ এবং Need Based playing Accessories এর অর্থ দিয়ে পুকুরের গাইড ওয়াল নির্মান করা জরুরী প্রয়োজন। উক্ত বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে পরবর্তী ব্যাব্স্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিসহ উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A. Hassain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ জামালপুর সদর
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি।

স্মারক নং- উশিঅ/জামালপুর সদর/২০২২/৭১১/২০
তারিখ ঃ ২৭/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মোজাফ্ফর হোসেন (সিআইপি), মাননীয় জাতীয় সংসদ সদস্য, জামালপুর-৫।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
৫। জনাব .................................................................................................. ও সদস্য, জামালপুর সদর, জামালপুর।
৬। অফিস কপি।

২৭/৬/২০২২

(জুয়েল আশরাফ)
উপজেলা শিক্ষা অফিসার